# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 26 June, 2025

শ্রীলংকার বিপক্ষে দুই ম্যাচ সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্টে দ্বিতীয় দিনেই নিজেদের প্রথম ইনিংসে অলআউট হয়েছে বাংলাদেশ।বৃহস্পতিবার কলম্বোর সিংহলিজ ক্রিকেট গ্রাউন্ডে ২৪৭ রানেই গুটিয়ে যায় টাইগারদের ইনিংস।

প্রথম দিনে টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেন অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।প্রথম দিন শেষে বাংলাদেশের সংগ্রহ ছিল ৮ উইকেটে ২২০ রান।দ্বিতীয় দিনে ২৭ রান যোগ করতেই বাকি দুই উইকেট হারিয়ে ফেলে সফরকারীরা।

আগের দিনের অপরাজিত ব্যাটার তাইজুল ইসলাম ৬০ বলে ৫টি চারে ৩৩ রানের কার্যকরী ইনিংস খেলেন।

শ্রীলঙ্কার পক্ষে আসিথা ফার্নান্দো ও সোনাল দিনুশা সর্বোচ্চ ৩টি করে উইকেট নেন।

শ্রীলংকা ক্রিকেট নাজমুল হোসেন শান্ত বাংলাদেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 22:30

URL: https://www.timestodaybd.com/public/sports/3727775807